

ঢাকা ওয়াসা

- সংযুক্তিঃ ১। ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের কপি।
সংযুক্তিঃ ২। ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের ক্রয় পরিকল্পনার কপি।
সংযুক্তিঃ ৩। ক্যাবল ও ফিউজ লিংক এর ছবি।
সংযুক্তিঃ ৪। প্রস্তাবিত কাজের প্রাক্কলন।

বিষয়ঃ Supply, fitting & fixing of Fuse link, heat shrink kit at IRP#1 main sub-station under SKWP কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

০১। সাভার করোনীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৫ টি গভীর নলকূপ (বাকী ১ টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। প্লানটির পানি উৎপাদন লক্ষ্যমাত্রা দৈনিক ১৫ কোটি লিটার। দৈনিক সকল গভীর নলকূপ হতে অপরিশোধিত পানি সংগ্রহ করে ২৬ কি.মি. পাইপ লাইনের মাধ্যমে আয়রন রিমুভাল প্লান্ট-১ এর আওতায় পরিশোধন করে Over Ground Reservoir (OGR) হতে বুস্টারিং করে ১২০০ মি.মি. ব্যাসের পাইপ দিয়ে আমিনবাজার, গাবতলী হয়ে মীরপুর (জোন-৪, জোন-১০) এলাকায় দৈনিক প্রায় ১৫ (পনেরো) কোটি লিটার সুপেয় পানি সরবরাহ করা হয়।

০২। পাম্প কম্পাউন্ডসমূহে বিদ্যুৎ সরবরাহসহ প্লান্টের সামগ্রিক বৈদ্যুতিক সরবরাহ ব্যবস্থার জন্য IRP#1 ও IRP#2 এ ৩৩/১১ কেভি ৫ এমভিএ ক্ষমতা সম্পন্ন ২ (দুই) টি মেইন সাব-স্টেশন আছে। IRP#1 এর প্লান্ট কম্পাউন্ডে বিদ্যুৎ সরবরাহের জন্য ১টি ১১/০.৪৪ কেভি ১.২৫ এমভিএ সাব-স্টেশন আছে। IRP#2 এর প্লান্ট কম্পাউন্ডে বিদ্যুৎ সরবরাহের জন্য ১টি ১১/০.৪৪ কেভি ২০০ কেভিএ সাব-স্টেশন আছে। এছাড়া প্রতিটি ৫ এমভিএ সাব-স্টেশনে ১টি ৩৩/০.৪৪ কেভি স্টেশন ট্রান্সফরমার রয়েছে যার মাধ্যমে সাব-স্টেশনের সুইচ গিয়ারে বিদ্যুৎ সরবরাহ করা হয়। গত ২৬/০৮/২০২৫ ইং তারিখে সাভার পিবিএস এর পাওয়ার দিয়ে IRP#2 এর ইন্টারলিংক দিয়ে IRP#1 চালু করা ছিল। বিকেল ০৩টার দিকে IRP#1 এর সাব-স্টেশনে বিকট শব্দ হয়ে প্লান্ট শাট ডাউন হয় এবং সাভার পিবিএস এর এসিয়ার ট্রিপ করে। প্লান্ট ও বৈদ্যুতিক লাইন চেক করে দেখা গিয়েছে যে IRP#1 ৩৩/১১ কেভি ৫ এমভিএ সাব-স্টেশনের ৩৩/০.৪৪ কেভি স্টেশন ট্রান্সফরমার -এর ফিউজ লিংক নষ্ট হয়ে গিয়েছে। যা পরিবর্তন করা প্রয়োজন। এছাড়া HT ক্যাবলগুলো কানেশন ও হিট শ্রিংক গুলো পরিবর্তন করা জরুরী।

০৩। আলোচ্য কাজগুলো জরুরী ভিত্তিতে সম্পন্ন করার জন্য PWD SoR E/M 2022 রেট শিডিওল অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (সংযুক্তিঃ ০৩)। যাতে কাজের প্রাক্কলিত ব্যয় দাঁড়িয়েছে সর্বমোট টাঃ ৪৯,৫৪৮/- (উনপঞ্চাশ হাজার পাঁচশত আটচল্লিশ) মাত্র। আলোচ্য কাজটি SKWP এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের 'পরিচালন ব্যয়' এর ক্রমিক নংঃ ০৭ এর 'পানি ও পয়ঃ শোধনাগার (ওএন্ডএম)' খাত (সংযুক্তিঃ ০১) হতে এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নংঃ ১৭৬ হতে নির্বাহ করা যেতে পারে (সংযুক্তিঃ ০২)।

০৪। এমতাবস্থায়, অনুচ্ছেদ ১.০ হতে ৩.০ পর্যন্ত বর্ণনার প্রেক্ষিতে ঢাকা ওয়াসার "সাভার-কোরোনীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট"-এর IRP#1 এর সাব-স্টেশনে মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য Supply, fitting & fixing of Fuse link, heat shrink kit at IRP#1 main sub-station under SKWP শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

- ক) কাজটি জরুরী ভিত্তিতে সম্পাদনের জন্য PPO (Revised) 2025 এবং PPR-2025 এর বিধি ৯৯ (১) (ড) অনুযায়ী সরাসরি চুক্তি পত্রিয়া (DPM) -এর মাধ্যমে 'মেসার্স আর এস টেকনোলজিস' -এর সাথে সম্পাদনের জন্য অনুমোদন;
খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলিত সর্বমোট টাঃ ৪৯,৫৪৮/- (উনপঞ্চাশ হাজার পাঁচশত আটচল্লিশ) টাকা মাত্র টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।
গ) আলোচ্য কাজের ব্যয়ভার সাভার-কোরোনীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট-এর ২০২৫-২৬ ইং অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের 'পরিচালন ব্যয়' এর 'পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম)' খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

05.10.2025
মেঃ আবুল কালাম আজাদ
উপ-সহকারী প্রকৌশলী
সাভার-কোরোনীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট
ঢাকা ওয়াসা।

সুদীপ্ত কুমার ঘোষ
সহকারী প্রকৌশলী
সাভার-কোরোনীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট
ঢাকা ওয়াসা।

মোঃ নাফিজ ইমতিয়াজ
নির্বাহী প্রকৌশলী
সাভার-কোরোনীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা।

২৩/১০/২০২৫
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

মিজা পোলাম কিবরিয়া
উপসহকারী প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।